



মুজিব বর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নম্বর-৫৩.০০.০০০০.৪১১.২৪.০০১.২০-২০২১

১৫ চৈত্র ১৪২৭

২৯ মার্চ ২০২১

বৃত্তি বিজ্ঞপ্তি

বিষয় : দেশে প্রয়োজনীয় সংখ্যক একচুয়ারি সৃষ্টির লক্ষ্যে ২০২১-২২ অর্থবছরে Actuarial Science এবং Actuarial Management বিষয়ে স্কলারশিপের আওতায় ২ বছর মেয়াদী মাস্টার্স প্রোগ্রামের জন্য আবেদন আহ্বান।

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় ২০২১-২২ অর্থবছরে Actuarial Science এবং Actuarial Management বিষয়ে ২ বছর মেয়াদী মাস্টার্স প্রোগ্রামের জন্য প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত ও নীতিমালা অনুযায়ী নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

- ১। প্রত্যাশিত ডিগ্রির জন্য যুক্তরাজ্যের City University of London এর Cass Business School (now The Business School) থেকে unconditional offer letter (full time)] থাকতে হবে;
- ২। বয়সসীমা: ৩১-০৮-২০২১ তারিখে সর্বোচ্চ ৩৫ বছর;
- ৩। সরকারি কর্মকর্তার ক্ষেত্রে আবেদনকারীর চাকুরী স্থায়ী হতে হবে এবং চাকরিতে প্রবেশের পর বিদেশে কোন মাস্টার্স ডিগ্রি সম্পন্ন করে থাকলে, এই প্রোগ্রামের জন্য বিবেচিত হবেন না;
- ৪। আবেদনকারীকে (ক) গণিত (খ) ফলিত গণিত (গ) পুরিসংখ্যান ও (ঘ) ফলিত পরিসংখ্যান বিষয়ে স্নাতক (৪ বছর মেয়াদী)/ মাস্টার্স ডিগ্রিধারী হতে হবে। বিদেশে সম্পন্ন স্নাতক/মাস্টার্স ডিগ্রির ক্ষেত্রে আবশ্যিকভাবে ইউজিসি কর্তৃক সমমানের সার্টিফিকেট জমা দিতে হবে। অন্যথায় বিদেশে সম্পন্ন স্নাতক/মাস্টার্স ডিগ্রির সার্টিফিকেট স্কলারশিপ প্রোগ্রামে মূল্যায়নের জন্য বিবেচিত হবে না;
- ৫। ইতোপূর্বে সরকারি/বেসরকারি/আন্তর্জাতিক কোন পূর্ণাঙ্গ বৃত্তি/ফেলোশিপপ্রাপ্ত প্রার্থীগণ এ স্কলারশিপের জন্য বিবেচিত হবেন না;
- ৬। শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে কোন বোর্ড/বিশ্ববিদ্যালয়ের ন্যূনতম ৩টি প্রথম বিভাগ/শ্রেণী/সমমান থাকতে হবে অথবা সিজিগিএ ন্যূনতম ৩.৫০ (স্কেল ৪.০০ এর ক্ষেত্রে) এবং সিজিগিএ ন্যূনতম ৪.৫ (স্কেল ৫.০০ এর ক্ষেত্রে) থাকতে হবে অথবা ৭৫% বা তদুর্ধ্ব নম্বর থাকতে হবে এবং কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণী বা সমতুল্য গ্রহণযোগ্য হবে না;
- ৭। কম্পিউটার সম্পর্কে Word, Windows, Excel, Access, PowerPoint, Email, Internet Browsing এ অভিজ্ঞতা রয়েছে, দেশি/বিদেশি জার্নালে গবেষণামূলক প্রবন্ধ প্রকাশ করেছেন এবং বিবাহিত প্রার্থীর ক্ষেত্রে যাদের অনধিক ২ সন্তান রয়েছে এমন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে;
- ৮। আগ্রহী প্রার্থীগণ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ওয়েবসাইট (www.fid.gov.bd ও www.idra.org.bd) থেকে বৃত্তি প্রোগ্রামের আবেদনপত্রের ফরম ডাউনলোড করতে পারবেন;
- ৯। স্কলারশিপপ্রাপ্ত ব্যক্তিগণের কাজিক্ত অধ্যয়ন শেষে দেশে ফেরার বিষয়ে এবং স্কলারশিপ প্রোগ্রাম সংক্রান্ত অন্য যেকোন বিষয়ে প্রকল্পের সঠিক বাস্তবায়ন নিশ্চিত করতে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ নতুন শর্ত সংযোজন বা বিয়োজন করতে পারবে;
- ১০। বৃত্তিপ্রাপ্ত ব্যক্তি কাজিক্ত অধ্যয়ন শেষে দেশে ফিরে ন্যূনতম ১০ বছর দেশের বীমা খাতের সাথে যুক্ত থাকবেন মর্মে দুইজন সাক্ষীর [সরকারি কর্মচারী (৫ম গ্রেড বা তার উর্ধ্ব) বা স্থানীয় সরকারের প্রতিনিধির (সিটি

২

কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর, পৌরসভার মেয়র, উপজেলা পরিষদের চেয়ারম্যান)] স্বাক্ষরসহ বিধি মোতাবেক ৬০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প এই মর্মে বন্ড প্রদান করবেন যে, তিনি অধ্যয়ন শেষে দেশে ফেরৎ না আসলে বৃত্তি বাবদ গৃহীত সমুদয় অর্থ শিক্ষা কার্যক্রম সমাপ্ত হওয়ার ০৬ মাসের মধ্যে সরকারকে ফেরৎ দিতে বাধ্য থাকবেন;

- ১১। উল্লিখিত সাক্ষীগণ ৬০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প এই মর্মে পৃথক বন্ড দাখিল করবেন যে, সংশ্লিষ্ট বৃত্তি প্রোগ্রামে অধ্যয়ন শেষে দেশে ফিরে ১০ বছর বীমা খাতের সাথে সংযুক্ত না থাকলে তারা প্রত্যেকে আলাদাভাবে ৫.০০ লক্ষ টাকা সরকারকে প্রদান করতে বাধ্য থাকবেন;
- ১২। বৃত্তিপ্ৰাপ্ত ব্যক্তি অধ্যয়ন শেষে দেশে ফেরৎ না আসলে, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ অথবা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বৃত্তিপ্ৰাপ্ত ব্যক্তি কর্তৃক গৃহীত অর্থ আদায়ের জন্য Public Demands Recovery Act 1913 বা অন্য কোন প্রযোজ্য আইনে মামলা করতে পারবে;
- ১৩। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত সংস্থা, বিধিবদ্ধ সরকারি প্রতিষ্ঠান, রাষ্ট্রায়ত্ত্ব সরকারি প্রতিষ্ঠান, সরকারি-বেসরকারি বীমা কোম্পানি (লাইফ/নন-লাইফ)-তে চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বা অনাপত্তি সনদ সহকারে আবেদন করতে হবে। তবে প্রার্থীগণ আবেদনের অগ্রিম কপিও নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে পারবেন।
- ১৪। সম্প্রতি তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সকল সনদ, পরীক্ষার মার্কশিট/গ্রেড পয়েন্টের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট এর সত্যায়িত কপি, TOEFL, IELTS (Academic) পরীক্ষার ফলাফল এর সত্যায়িত কপিসহ নিম্নস্বাক্ষরকারীর বরাবরে [বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা]] রেজিস্টার্ড ডাকযোগে বা সরাসরি পৌছাতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না;
- ১৫। আবেদনের সময়সীমা আগামী ৩১ মে, ২০২১ তারিখ, সোমবার, বিকাল ০৫:০০ টা।
- ১৬। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন এবং পরিবর্ধন এবং যে কোন বৃত্তিপ্ৰাপ্ত ব্যক্তির আবেদন বিবেচনা/বাতিলের নিরঙ্কুশ ক্ষমতা সংরক্ষণ করেন;


(ড. নাহিদ হোসেন) ৩০/৫/২১
যুগ্মসচিব

ও
সদস্য-সচিব, স্টিয়ারিং কমিটি
একচুয়ারিয়াল সায়েন্স এন্ড
একচুয়ারিয়াল ম্যানেজমেন্ট বিষয়ক
মাস্টার্স প্রোগ্রাম